মেহেরপুুরের নতুনপাড়ায় রাস্তা ও ড্রেন নির্মাণ কাজ পরিদর্শনে মেয়র

মেহেরপুর পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড নতুন পাড়ার দীর্ঘদিনের অবহেলিত রাস্তা ও ড্রেনের চলমান উন্নয়ন কাজ পরিদর্শন করেছেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

নতুন পাড়া মসজিদের পাশ দিয়ে ও মহিলা কাউন্সিলর শারমিন পারভীনের বাড়ির সামনে দিয়ে আধুনিক মডেলের রাস্তা-ড্রেন নির্মাণ কাজ চলমান রয়েছে।

শনিবার (১২ আগষ্ট) দুপুরের দিকে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এ কাজ পরিদর্শন করেন।

এসময় পৌরসভার প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল, চার,পাঁচ,ছয় নং ওয়ার্ডের মহিলা কাউন্সিলর শারমিন পারভিন, মোঃ শাহজাহানসহ এলাকাবাসী উপস্থিত ছিলেন।

গাংনীতে বজ্রপাতে কৃষক নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার রুয়েরকান্দি গ্রামে বজ্রপাতে জাব্বারুল ইসলাম (৪০) নামের এক কৃষক নিহত হয়েছেন।

নিহত জাব্বারুল ইসলাম গাংনী উপজেলার রুয়েরকান্দি গ্রামের আব্দাল হকের ছেলে।

আজ শনিবার (১২ আগষ্ট) বিকেল সাড়ে ৪ টার দিকে বাথানপাড়া মাঠে বজ্রপাতের এই ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, কৃষক জাব্বারুল ইসলাম বাথানপাড়া মাঠে ধান লাগিয়ে বাড়ি ফিরছিলেন। গুড়ি গুড়ি বৃষ্টির সাথে হঠাৎ বজ্রপাত ঘটলে

সে আহত হয়। আহতাবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক আশিকুজ্জামান জানান, হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

সাংবাদিকতায় আন্ত:প্রাণ মফিজুল; তথ্যের সন্ধানে ছুটে চলেছেন দেশ থেকে বিদেশে

১৯৮৯ সালের ১ জুলাই মেহেরপুর জেলার গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নের নওপাড়া গ্রামে মফিজুল সাদিকের জন্ম। ভূগোল ও পরিবেশ বিজ্ঞানে স্নাতক পড়ার সময় অনলাইন নিউজ পোর্টাল শীর্ষনিউজডটকমে নিজস্ব প্রতিবেদক হিসেবে যোগ দেন।

২০১২ সালের ১৫ ফেব্রুয়ারি নিজস্ব প্রতিবেদক হিসেবে যোগ দেন নিউজ পোর্টাল বাংলানিউজটোয়েন্টিফোর.কমে। সেখানে ২০১৬ সালে জ্যেষ্ঠ প্রতিবেদক হিসেবে পদোন্নতি পান। সাংবাদিকতার শুরু থেকেই অর্থনীতি বিটে কাজ করছেন। প্রতিবেদন করছেন পরিকল্পনা মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)-সহ আর্থিক খাত সংশ্লিষ্ট বিষয়ে। পেশাগত দায়িত্বের অংশ হিসেবে ভ্রমণ করেছেন যুক্তরাষ্ট্র,যুক্তরাজ্য, সংযুক্ত আরব আমিরাত, মালয়েশিয়া, থাইল্যান্ড, ভারত, নেপালসহ বিভিন্ন দেশে। ২০২১ সালের অক্টোবরে জ্যেষ্ঠ প্রতিবেদক হিসেবে যোগ দিয়েছেন জাগোনিউজ২৪.কমে।

পরিবারের সবাই কৃষিকাজে ওতপ্রোতভাবে জড়িত, ব্যতিক্রম মো. মফিজুল ইসলাম, সাংবাদিক সমাজে মফিজুল সাদিক নামে পরিচিত। গ্রাম থেকে উচ্চ শিক্ষার উদ্দেশ্যে পাড়ি জমান শহরে। ছোট বেলা থেকেই

থেকে এইচএসসি উত্তীর্ণ হন। এরপর ঢাকা কলেজ থেকে ভুগোল ও পরিবেশ বিজ্ঞানে অনার্স এবং ঢাকা কলেজ থেকে একই বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।
কৃতজ্ঞতা
সাংবাদিক মফিজুল সাদিক তাঁর কর্মজীবনের এই সাফল্যের জন্য মহান আল্লাহর কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি।

মেহেরপুরে সিপিবি’র কর্মী সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশের কমিউনিস্ট পার্টি ‘উদ্যোগে এক কর্মী সমাবেশ মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ডে পার্টির কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।
সিপিবি জেলা শাখার সভাপতি কমরেড জালাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন, সিপিবির কেন্দ্রীয় কমিটির সদস্য ও জেলার দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধি কমরেড আবদুল্লাহ ক্বাফী রতন।

সিপিবির সাধারণ সম্পাদক কমরেড শহিদুল ইসলাম কাননের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, অ্যাডঃ মিজানুর রহমান, সিদ্দিকুর রহমান, রফিকুল ইসলাম, মনিরুল ইসলাম, মহাম্মদ আলী, রফিকুল ইসলাম পথিক প্রমুখ।

সভায় বক্তারা নির্দলীয় নিরেপক্ষ তদারকি সরকারের অধীনে নির্বাচন এবং ভোট ও ভাতের অধিকারের জন্য আন্দোলন সংগ্রাম কর্মসূচি চালানোর অঙ্গিকার করেন। সেই সাথে জণগণকে সাথে নিয়ে বিকল্প বাম শক্তি গড়ে তুলে আন্দোলন-সংগ্রাম জোরদার করার জন্য মতামত ব্যক্ত করেন।

গাংনীতে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের পরিচিত সভা

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ গাংনী পৌর ও উপজেলা কমিটির পরিচিত সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১২ আগষ্ট) সকাল ১০ টার দিকে গাংনী সরকারি ডিগ্রী কলেজের হলরুমে এই পরিচিত সভা অনুষ্ঠিত হয়।

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা কমিটির সহ সভাপতি মোঃ সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিচিত সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম ও প্রধান আলোচক হিসাবে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সাধারণ সম্পাদক অধ্যাপক সাইদুর রহমান।

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের গাংনী উপজেলা শাখার হাজী শফি কামাল পলাশ এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সহ সভাপতি শহিদুল ইসলাম শাহ, জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের অর্থ বিষয়ক সম্পাদক মোখলেছুর রহমান খোকন, উপজেলা মুক্তিযোদ্ধা স্মৃতি পাঠাগারের সভাপতি ইয়াসিন রেজা, মহিলা বিষয়ক সম্পাদক জাকিয়া আল্পনা, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এমএ লিংকন প্রমুখ।
পরিচিতি সভায় উপজেলা ও পৌর কমিটির সদস্য গণ উপস্থিত ছিলেন।

সংক্ষিপ্ত আলোচনা শেষে গাংনী উপজেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম ও সাধারণ সম্পাদক শফি কামাল পলাশ, গাংনী পৌর কমিটির সভাপতি একরামুল হক ও সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল সহ কমিটির সকল সদস্যদের পরিচিতি করা হয়।

[redacted]

[redacted]

অপরদিকে সর্বশান্ত হচ্ছে সাধারণ তরুণ যুবকরা। পুলিশ গত কয়েক মাসে প্রায় অর্ধশত অনলাইন জুয়ার এজেন্ট আটক করেছে।

গোয়েন্দা সংসস্থার মতে, মেহেরপুর জেলাতে কোনোভাবেই লাগাম টানা যাচ্ছেনা অনলাইন জুয়ার। রাতারাতিই কোটিপতি বনে যাচ্ছেন অনেকে। জুয়াড়িরা বিভিন্ন অ্যাপস ও সাইট ব্যবহার করে অনলাইনে বিভিন্ন গেমিং বেটিং বা বাজি খেলার সাইটে জুয়ায় মেতে উঠেছে। বিট কয়েন বা ডিজিটাল মুদ্রার (ক্রিপ্টোকারেনসি) মাধ্যমে অনলাইনে জুয়া খেলা হয়। অবৈধ পন্থায় ডিজিটাল মুদ্রা কেনাবেচার লেনদেনে দুই বছরে বছরে প্রায় ১০ থেকে ১২ হাজার কোটি টাকা পাচার হয়েছে বলে অনুমান করছে সরকারের গোয়েন্দা সংস্থাগুলো। রাশিয়াসহ বেশ কয়েকটি দেশে এই টাকা পাচার হয়েছে বলে জানান সংস্থ্যাগুলো। রাশিয়া থেকে পরিচালিত এসব অনলাইন জুয়ার সাইট ও অ্যাপস তাদের এজেন্টদের মাধ্যমে ছড়িয়ে পড়েছে মেহেরপুর জেলা শহর থেকে প্রত্যন্ত গ্রাম পর্যায়ে পর্যন্ত।

মেহেরপুরের ১৩ জঙ্গি সদস্য এটিইউ’র হেফাজতে

মেহেরপুর শহরের শিশুবাগান পাড়ার ৩টি পরিবারের শিশু ও নারীসহ ১৩ জনকে জঙ্গি সন্দেহে পুলিশের এনটি টেরিরিজম ইউনিটের (এটিইউ) একটি টিম তুলে নিয়ে গেছে বলে খবর পাওয়া গেছে। তারা সকলেই নিষিদ্ধ সংগঠণ জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার সক্রিয় সদস্য ছিলেন বলে জানা গেছে। এ ঘটনার পর থেকে একজন নিরুদ্দেশ হয়েছেন। তবে ৫ শিশূকে পরিবারের কাছে ফেরত দেওয়া হয়েছে।

গত ২ আগষ্ট দিবাগত রাতে শহরের শিশু বাগানপাড়া এলাকার ইদ্রিস আলী মিস্ত্রির ছেলে স্ট্রিট ফুড বিক্রেতা আনোয়ার হোসেনকে (৩০) তার বাড়ি থেকে আইনশৃংখলা রক্ষাকারীর পরিচয় দিয়ে তুলে নিয়ে যায়।

আনোয়ার হোসেনকে বাড়ি থেকে তুলে নিয়ে যাওয়ার খবর পেয়ে প্রতিবেশি সেন্টু হোসেন ও পলাশ পরিবারের সদস্যদের নিয়ে পালিয়ে যাওয়ার সময় মেহেরপুর সার্কিট হাউসসহ বিভিন্ন স্থানথেকে তাদের আটক করেছে বলে পলাশের পরিবারের লোকজন জানিয়েছেন।

তারা হলেন- শিশু বাগানপাড়ার কিতাব আলীর ছেলে সেন্টু হোসেন (২৮), তার স্ত্রী দিলরুবা খাতুন (২৫), ছেলে লাসিন ও হুজাইফা, একই পাড়ার রিকসা চালক পলাশ (৫৫), তার স্ত্রী ফাতেমা খাতুন (৪৮), মেয়ে ফারহানা, প্রিয়া খাতুন, জামাতা ঝন্টু মিয়া, ছেলে ফরহাদ হোসেন, ফয়সাল হোসেন, নাতি বুখারি হোসেন, পলাশের আরেক মিনারুল ইসলাম, নাতনি মিতা খাতুন, রিতা খাতুন ও শাহিনুর।

এদিকে, ঘটনার পর থেকে নিরুদ্দেশ হয়েছেন একই পাড়ার মাংস বিক্রেতা রফিকুল ইসলামের ছেলে রকিব মোল্লা ওরফে মুজাহিদ (৩০)।

এদের মধ্যে বুখারি, ফয়সাল, মিতা, লাসিন ও হুজাইফা শিশু হওয়ায় গত মঙ্গলবার মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের মাধ্যমে তাদের পরিবারের অন্য সদস্যদের কাছে ফেরৎ দেওয়া হয়েছে।

তবে, নাম প্রকাশ না করার শর্তে তাদের এক প্রতিবেশী বলেছেন, আটকরা সকলেই জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার সক্রিয় সদস্য ছিলেন। পুলিশের কাছে এই তালিকায় ১৮ জনের নাম আছে বলেও জানান তিনি।

আনোয়ার হোসেনের মা আনোয়ারা খাতুন ও পিতা ইদ্রিস আলী মিস্ত্রি বলেন, ছেলেকে তুলে নিয়ে যাওয়ার সময় তাদের দুজনের পরনে পুলিশের পোশাক এবং অন্যরা সাদা পোশাকে ছিল।

আনোয়ারের স্ত্রী পলি খাতুন বলেন, তারা বলেছিলেন, দু একটা কথা জিজ্ঞাসা করে এখনি ছেড়ে দিয়ে যাবেন। সেই যে নিয়ে গেলো তারপর থেকে আর কোনো খোঁজ পাইনি।

তারা বলেন, আনোয়ারকে নিয়ে যাওয়ার কয়েকবার মেহেরপুর থানা, র্যাব অফিসে গিয়েছি। কোনো খোঁজ পাইনি। সেখানে না পেয়ে তারা জেলার অন্যান্য উপজেলার পুলিশ স্টেশন, র্যাব ও ডিবি অফিসে সন্ধান করেছি। কিন্তু সেসব জায়গায়ও আনোয়ার হোসেনকে পাওয়া যায়নি। থানায় জিডি দিতে গেলেও থানা পুলিশ জিডি নেননি।

জেলা গোয়েন্দা পুলিশের একটি সুত্র থেকে জানা গেছে, আটককৃতরা জঙ্গি সংগঠণ জামাতুল আনসার ফিল হিন্দাল শারক্বীয়ার সক্রিয় সদস্য। তথ্য উপাত্তের ভিত্তিতে ঢাকা থেকে পুলিশের এন্টি টেরোরিজম ইউনিটের একটি গ্রুপ মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) সহযোগীতায় তাদের আটক করে ঢাকায় নিয়ে গেছে। আটককৃত ৬ শিশুর মধ্যে ৫ জন শিশুকে জেলা গোয়েন্দা পুলিশের মাধ্যমে তাদের পরিবারের অন্যান্য সদস্যদের নিকট ফেরৎ দিয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে সেন্টু হোসেন ও আনোয়ারের বাড়িতে গিয়ে দেখা যায়, পরিবারের সবাই বারান্দায় বসে আছেন। তাদের সান্ত্বনা দিতে পড়শীদের কয়েকজনও সেখানে আছেন। এছাড়া পলাশ ও রাকিব মোল্লার বাড়িতে গিয়ে তাদের বাড়িতে তালা মারা দেখা গেছে। পলাশের ফেরৎ দেওয়া ছেলে ফয়সাল ও ফরহাদের ছেলে বুখারীকে পাওয়া যায়নি। তারা তাদের কোন আত্মীয়র বাড়িতে গেছে তাও বলতে পারেনি প্রতিবেশীরা।

সেন্টু হোসেনের দুই ছেলে লাসিন ও হুজাইফাকে ফেরৎ পেয়েছেন তার দাদী আদরী খাতুন। এর মধ্যে হুজাইফার একটি পা ভেঙ্গে গেছে। সেন্টুর মা আদুরী খাতুন বলেন এই দুটি দুধের শিশু নিয়ে আমি এখন কি করবো। কুল কিনারা পাচ্ছিনা।
বোন পাপিয়া খাতুন বলেন, আমার ভাইকে ধরে নিয়ে কোথায় রেখেছে সেটা তো আমরা জানার অধিকার রাখি। তারা অন্যায় করলে সাজা হোক। কিন্তু আমাদের পরিবারকে খোঁজ দিক।

আনোয়ার হোসেনের মা আনোয়ারা খাতুন জানান, রাত ১টার পরপরই দুজন পুলিশের পোশাক পরে, চারজন সাদা পোশাকে প্রাচীর টপকে বাড়িতে প্রবেশ করে। আইনের লোক পরিচয়ে ছেলেকে তুলে নিয়ে যায় জিজ্ঞাসাবাদ শেষে ফিরিয়ে দেওয়ার কথা বলে। সকালে থানায়, ডিবি কার্যালয়, র্যাব ক্যাম্পে গেলে কেউ স্বীকার করেনি ছেলেকে নিয়ে যাওয়ার কথা। আনোয়ারের স্ত্রী পলি খাতুন বলেন, ‘স্বামীর সন্ধানে অনেক জায়গায় গিয়েছি কোথাও সন্ধান মিলল না। আমার স্বামী নিরপরাধ। তাকে কেন রাতের আঁধারে তুলে নেওয়া হলো তা বুঝতে পারছি না।’

প্রতিবেশী জাহিদ হোসেন বলেন, আনোয়ার ফুট পথে ব্যবসা করতো। তবে, নিয়মিত মসজিদে আসার আহ্বান জানাতেন। ধারণা করা হচ্ছে, জঙ্গি সম্পৃক্ততার সন্দেহে আইনশৃঙ্খলা বাহিনীর লোকজন তাকে তুলে নিয়ে গেছে। তবে, আইনশৃঙ্খলা বাহিনীর উচিত বিষয়টি পরিবারটিকে জানানো। যদি আইনশৃঙ্খলা বাহিনী তুলে না নিয়ে থাকে তাহলে তাদেরই উচিত আনোয়ারকে খুঁজে বের করা।

মেহেরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, মেহেরপুরের পুলিশের কাছে এ বিষয়ে কোন তথ্য নেই। অন্য কোনো সংস্থা তাদের আটক করেছে কিনা তাও জানা নেই।

মুজিবনগরে হত্যার উদ্দেশ্যে সাংবাদিকের পিতা কে কুপিয়ে জখম

মুজিবনগরে পূর্ব শত্রুতা জের ধরে মেহেরপুর প্রতিদিন ও দৈনিক অর্থনীতির মুজিবনগর প্রতিনিধি সাংবাদিক সানোয়ার হোসেনের পিতা হাইদার গাজীকে কুপিয়ে রক্তাক্ত জখম করেছে সিরাজ ও তার পিতা আব্দুল কুদ্দুসসহ – আব্দুল কুদ্দুসের ছেলে বাদশা,আকরামুল, স্বপন,মতিন,রাশিদুল,খাপাড়ার মৃত কুদ্দুসের ছেলে সাগর আলী।

ঘটনা সূত্রে জানা গেছে গত ৬ তারিখ এলাকাই আধিপত্য বিস্তার নিয়ে প্রবীর গ্রুপ ও সিরাজ গ্রুপের মধ্যে একটি সংঘর্ষ হয় তারই জের ধরে এই হামলা।

এলাকার সূত্রে জানা গেছে আহত হায়দার গাজী বৃহস্পতিবার বিকেলে কলার গাড়ি লোড দেয়ার উদ্দেশ্যে রশিকপুর মসজিদের কাছে অবস্থান করছিল এ সময় তাকে একা পেয়ে অভিযুক্তরা হত্যার উদ্দেশ্যে এলোপাতাড়ি কোপ মারতে থাকে হায়দার গাজী মারা গেছে মনে করে তারা ফেলে রেখে চলে যায় স্থানীয়রা তাকে উদ্ধার করে দ্রুত মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসেন। কলার গাড়ি লোডের সময় কাছে থাকা ২ লাখ ৭০ হাজার টাকা ছিনিয়ে নেয় হামলাকারীরা।

মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স প্রাথমিক চিকিৎসা শেষে আঘাত গুরুতর হওয়ায় কর্তব্য চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। শেষ খবর পাওয়া পর্যন্ত তিনি কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন।
শরীরে দুটি গভীর ক্ষত তৈরি হয়েছে যেটি অস্ত্র প্রচার করা লাগবে বলে জানিয়েছে চিকিৎসকরা।

এ বিষয়ে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান, এখনো কোনো অভিযোগ পাওয়া যায়নি অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এ বিষয়ে পুলিশ সতর্ক অবস্থায় আছে আর কোন যেন বিশৃঙ্খলা যাতে সূষ্টি না হয়।

মেহেরপুরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বিশেষ বর্ধিত সভা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার ১০ আগষ্ট বিকালে মেহেরপুর পৌর কমিটি সেন্টারে মেহেরপুর জেলা আওয়ামী লীগের আয়োজনে এ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

বর্ধিত সভার সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের সঞ্চালনায় এসময় জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল সামাদ বাবলু বিশ্বাস, আব্দুল হালিম বিশ্বাস, সিরাজুল ইসলাম মাস্টার,আব্দুল মান্নান, এড. ইয়ারুল ইসলাম, শহিদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক এড. ইব্রাহিম শাহিন, রেজাউল হক মাস্টার, আইন বিষয়ক সম্পাদক এড. পল্লব ভট্টাচার্য, তথ্য গবেষণা বিষয়ক সম্পাদক এড. কাজী শহিদুল হক,নদপ্তর সম্পাদক মোখলেসুর রহমান খোকন, মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগমসহ জেলা আওয়ামী লীগের থানা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারীসহ দুই নেতা গ্রেফতার

মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারী মাওলানা রুহুল আমিনসহ (৫৫) দুইজনকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

বৃহস্পতিবার দিবাগত রাত ৯ টার দিকে মেহেরপুর সদর থানা পুলিশের

পৃথক দুটি টিম তাদের নিজ নিজ বাড়িতে অভিযান চালিয়ে জামায়াতের এই দুই নেতাকে গ্রেফতার করেন। মাওলানা রুহুল আমিন মেহেরপুর শহরের খন্দকারপাড়ার মৃত আব্দুর রশিদের ছেলে।

অপর গ্রেফতারকৃত আব্দুর রাজ্জাক সদর উপজেলার রাজনগর গ্রামের মৃত রবগুল বিশ্বাসের ছেলে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, গ্রেফতারকৃতদের নামে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইন তৎসহ বিস্ফোরক দ্রব্য আইনে একাধিক মামলা রয়েছে।

গ্রেফতারকৃত জামায়াত নেতাদের আগামীকাল শুক্রবার (১১ আগষ্ট) সকালের দিকে আদালতে প্রেরণ করা হবে।